

চাটমোহর উপজেলার আইসিটি কমিটির আগস্ট/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : সরকার অসীম কুমার, উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ১৮ আগস্ট ২০১৯ খ্রি:

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১। সভার আলোচনা এবং সিদ্ধান্ত :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.১	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য : এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	প্রতিটি দপ্তরের প্রধানগণ তার কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহায়তা করবেন।	দপ্তর প্রধানগণ/ উপজেলা সহকারী প্রোগ্রামার
১.২	মাল্টিমিডিয়া ক্লাস রুম এর কার্যক্রম	মাল্টিমিডিয়া ক্লাস রুম এর কার্যক্রম এর রিপোর্ট নিয়মিত MMC apps এ আপলোড করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নির্দেশ প্রদান ও তদারকি করবেন।	মাধ্যমিক শিক্ষা অফিসার
১.৩	উপজেলা আইসিটি সভায় উপজেলা সহকারী প্রোগ্রামার উপস্থিতি :	উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় উপস্থিত থেকে উপজেলা আইসিটি কমিটির সভার সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন উপজেলার আইসিটি বিষয়ক সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করবেন এবং তা উপজেলা আইসিটি কমিটির সভায় আলোকপাত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সহকারী প্রোগ্রামার
১.৪	উপজেলা আইসিটি কমিটির সভার অনুষ্ঠান : উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান এবং কমিটির সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
১.৫	ই-নথি বাস্তবায়ন	উপজেলা আইসিটি কমিটির সভায় ই নথি বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। এবং পূর্বের মাসে চাটমোহর উপজেলা পাবনা জেলার মধ্যে ৩য় স্থানে অবস্থান করেছে। সারাদেশের প্রেক্ষাপটে অবস্থান উন্নয়ন করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা সহকারী প্রোগ্রামার
১.৬	ইউনিয়ন ডিজিটাল সেন্টার নিয়মিত মনিটরিং করণ।	ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগত নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট নিয়মিত একসেবায় সিস্টেমে প্রদান করছেন কিনা তা নিয়মিত তদারকি করার জন্যে আইসিটি অডিটরের সহকারী প্রোগ্রামার, চাটমোহর, পাবনা কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	উপজেলা সহকারী প্রোগ্রামার

১.৭	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব / শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন : এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, ০৭ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে।	পরিদর্শন চলমান রয়েছে। পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার
-----	---	--	---

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




(সরকার অসীম কুমার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
চাটমোহর, পাবনা।

স্মারক নং : ৬৬.০৪.৭৬২২.০০০.০৬.০২.০২-০১

তারিখ : ১৮ আগস্ট ২০১৯ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. জেলা প্রশাসক, পাবনা।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।
৩. উপজেলা অফিসার, চাটমোহর, পাবনা।



(মোঃ আব্দুল্লাহ আল নোমান)
উপজেলা সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
চাটমোহর, পাবনা।